

রাবি'র স্নাতক ভর্তি পরীক্ষা ৯ থেকে ১২ নভেম্বর

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক (স্বাধীন) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা ৯ থেকে ১২ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে। আগামী ৯ নভেম্বর সকাল ৯-১০টা পর্যন্ত 'এ' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের এবং ১১-১২টা পর্যন্ত 'এ' ইউনিট জোড় রোল নম্বরধারী শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে। একইদিন দুপুর ১-২টা 'বি' ইউনিটের বিজোড় রোল এবং সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত 'বি' ইউনিটের জোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০ নভেম্বর সকাল ৯-১০টা পর্যন্ত 'ই' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের এবং ১১-১২টা পর্যন্ত 'ই' ইউনিটের জোড় রোলধারীদের পরীক্ষা নেয়া হবে। একইদিন দুপুর ১-২টা পর্যন্ত 'ডি' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত 'ডি' ইউনিটের জোড় রোল নম্বরধারী ও সব অবাঞ্ছিত শাখার শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১১ নভেম্বর সকাল ৯-১০টা পর্যন্ত 'এফ' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের, ১১টা-১২টা পর্যন্ত 'এফ' ইউনিটের জোড় এবং দুপুর ১টা-২টা পর্যন্ত 'এইচ' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত 'এইচ' ইউনিটের জোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার শেষদিন ১২ নভেম্বর সকাল ৯টা-১০টা পর্যন্ত 'সি' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের, ১১টা-১২টা পর্যন্ত 'সি' ইউনিটের জোড় এবং দুপুর ১টা-২টা পর্যন্ত 'জি' ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত 'আই' ইউনিটের শিক্ষার্থীদের পরীক্ষা নেয়া হবে।

প্রসঙ্গত, অনলাইনে ভর্তির আবেদন প্রক্রিয়া ১ অক্টোবর থেকে শুরু হয়েছে। আবেদন প্রক্রিয়া চলবে ১৮ অক্টোবর রাত ১২টা পর্যন্ত। ভর্তি সংক্রান্ত সব তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে (admission.ru.ac.bd) পাওয়া যাবে।